



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

টেলিফোনঃ ০২৫৮৯৯০৩৮৭৮

ই-মেইল-govtshahsultancollege@yahoo.com

ওয়েব এ্যাড্রেস-www.govssc.edu.bd



স্মারক নং-সশাসুক/বগ/২০২৪/১৩৫৩


তারিখ : ১৪/১১/২০২৪খ্রি.

### প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়ার ৬ তলা একাডেমিক ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ০১ (এক) টি পুরাতন শহীদ মিনার নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আগামী ২৪/১১/২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কলেজ ক্যাম্পাসে প্রকাশ্য নিলামে অংশ গ্রহণের জন্য ক্রয় করতে ইচ্ছুক প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তিগণকে অনুরোধ জানানো হলো।

### শর্তাবলী

- ১। প্রকাশ্যে নিলামে অংশগ্রহণেচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ (২৪/১১/২০২৪) সকাল ১১.০০ টার মধ্যে অত্র দপ্তরের নিলাম কমিটির নিকট নগদ ৪,০০০/- (চার হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে। সকাল ১১.০০ টার পরে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হবে না।
- ২। সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৪,০০০/- (চার হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেয়া হবে।
- ৩। কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা এবং উক্ত টাকার উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর ঐ দিনই পরিশোধ করতে হবে। টাকা পরিশোধের পর কার্যাদেশ প্রদান করা হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৪। মোট ০১ (এক) টি পুরাতন শহীদ মিনার সরেজমিনে দেখে নিতে হবে।
- ৫। নিলামকৃত পুরাতন শহীদ মিনারটি নিজ ব্যয়ে অপসারণসহ সাইট পরিষ্কার করার পর জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।
- ৬। পুরাতন শহীদ মিনার অপসারণ কালে কোনো স্থাপনার কোন ক্ষতি করা যাবে না। কোনো স্থাপনা ক্ষতিগ্রস্ত হলে নিলামকারীকে নিজ ব্যয়ে তা মেরামত করে দিতে হবে।
- ৭। সফল ডাককারী ডাকগ্রহণের দিন থেকে পুরাতন শহীদ মিনার এর রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। কার্যাদেশ গ্রহণের পর থেকেই পুরাতন শহীদ মিনার এর কিছু নষ্ট বা খোয়া গেলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৮। অপসারণ কাজ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টার মধ্যে করতে হবে।
- ৯। কৃতকার্য নিলাম ডাককারী কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে পুরাতন শহীদ মিনার অপসারণ করবেন। নির্ধারিত সময়ে অপসারণে ব্যর্থ হলে জমাকৃত টাকা ও জামানত বাজেয়াপ্তসহ চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে।
- ১০। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১১। কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে নিলাম (ডাক) বিষয়ে যেকোনো সিদ্ধান্ত গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২৪/১১/২০২৪

(প্রফেসর মোঃ শহিদুল আলম)

আইডি নং-৮৪২৪

অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া

ও

সদস্য সচিব

জেলা কনভেনশন কমিটি, বগুড়া।

প্রফেসর মোঃ শহিদুল আলম (৮৪২৪)

অধ্যক্ষ


সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

স্মারক নং-সশাসুক/বগ/২০২৪/১৩৫৩

তারিখ : ১৪/১১/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, জেলা কনভেনশন কমিটি, বগুড়া।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বগুড়া।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ০৬। কলেজ নোটিশ বোর্ড/কলেজ ওয়েবসাইট।
- ০৭। সংরক্ষণ নথি।

  
২৪/১১/২০২৪

(প্রফেসর মোঃ শহিদুল আলম)

আইডি নং-৮৪২৪

অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

প্রফেসর মোঃ শহিদুল আলম (৮৪২৪)

অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।